

ভুড়ার মোচা পঁচা রোগ



রোগ পরিচিতি:

ভুড়া একটি অধিক ফলনশীল দানা শস্য। ভুড়া আমাদের দেশের জন্য একটি গুরুত্বপূর্ণ ফসল। ভুড়ার বিভিন্ন রোগ ও পোকামাকড়ের মধ্যে মোচা পঁচা রোগ অন্যতম। এটি একটি ছত্রাকজনিত রোগ। *Diplodia maydis*, *Fusarium moniliformae* প্রভৃতি ছত্রাক এ রোগ ঘটায়। মোচা পঁচা রোগের আক্রমণে ভুড়ার ফলন, বীজের গুণাগুণ ও খাদ্যমান অনেক কমে যায়। এ রোগের জীবানু বীজ অথবা আক্রান্ত গাছের পরিত্যক্ত অংশে বেঁচে থাকে। একই জমিতে বার বার ভুড়া চাষ করলে এ রোগ দ্রুত বিস্তার লাভ করে।

রোগের লক্ষণ:

এ রোগের আক্রমণে আক্রান্ত মোচার খোসা ও দানা বিবর্ণ হয়ে যায়। দানা পুষ্ট হয় না, কুঁচকে অথবা ফেঁটে যায়। অনেক সময় বিভিন্ন দানার মাঝে বা উপরে ছত্রাকের উপস্থিতি খালি চোখেই দেখা যায়। ভুড়া গাছে মোচা আসা থেকে পাকা পর্যন্ত বৃষ্টিপাত বেশী থাকলে এ রোগের আক্রমণ বাড়ে। পোকা বা পাখির আক্রমণে কান্ড পঁচা রোগের আক্রমণে গাছ মাটিতে পড়ে গেলে এ রোগ ব্যাপকতা লাভ করে।



ছবি: সুস্থ মোচা ও আক্রান্ত মোচা

সমন্বিত বালাই ব্যবস্থাপনা:

- ১। রোগ প্রতিরোধী জাত ব্যবহার করতে হবে।
- ২। সুস্থ, সবল, ক্ষত ও রোগমুক্ত বীজ ব্যবহার করতে হবে।
- ৩। শস্য পর্যায় অবলম্বন করতে হবে।
- ৪। জমিতে পোকা ও পাখির আক্রমণ রোধ করতে হবে।
- ৫। ভুড়া পেকে গেলে তাড়াতাড়ি কেটে ফেলতে হবে।
- ৬। কাটার পর ভুড়ার পরিত্যক্ত অংশ পুড়িয়ে ফেলতে হবে।
- ৭। থিরাম বা ভিটাভেক্স (০.২৫%) বা প্রোভেক্স ২০০ ডলিউপি প্রতি কেজি বীজে ২.৫-৩.০ গ্রাম হারে মিশিয়ে বীজ শোধন করলে এই রোগের আক্রমণ অনেক কমে যায়।

আরো তথ্যের জন্য:

পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন